# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬২৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ক্রটিসমূহ

## بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا أَبُو عُبَيْدٍ الْقَاسِمُ بْنُ إِسْمَاعِيلَ ، وَأَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، وَأَبُو الْحَسَنِ أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ يَزِيدَ الزَّعْفَرَانِيُّ ، قَالُوا : حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ هَانِئٍ ، نَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ بْنِ سِنَانٍ ، حَدَّثَنَا أَبِي يَزِيدُ بْنُ سِنَانٍ ، نَا سُلَيْمَانُ الْأَعْمَشُ ، عَنْ أَبِي سُفْيَانَ ، عَنْ جَابِرٍ ، قَالَ : قَالَ لَنَا رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " مَنْ ضَحِكَ مِنْكُمْ فِي صَلَاتِهِ فَلْيَتَوَضَّأْ ، ثُمَّ لْيُعِدِ الصَّلَاةَ " . قَالَ لَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ : هَذَا حَدِيثٌ مُنْكَرٌ ؛ فَلَا يَصِحُّ ، وَالصَّحِيحُ عَنْ جَابِرٍ خِلَافُهُ . قَالَ الشَّيْخُ أَبُو الْحَسَنِ : يَزِيدُ بْنُ سِنَانٍ ضَعِيفٌ ، وَيُكْنَى بِأَبِي فَرْوَةَ الرُّهَاوِيِّ ، وَابْنُهُ ضَعِيفٌ أَيْضًا ، وَقَدْ وَهِمَ فِي هَذَا الْحَدِيثِ فِي مَوْضِعَيْنِ : أَحَدُهُمَا فِي رَفْعِهِ إِيَّاهُ إِلَى النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، وَالْآخَرُ : فِي لَفْظِهِ ، وَالصَّحِيحُ عَنِ الْأَعْمَشِ ، عَنْ أَبِي سُفْيَانَ ، عَنْ جَابِرٍ مِنْ قَوْلِهِ : " مَنْ ضَحِكَ فِي الصَّلَاةِ ، أَعَادَ الصَّلَاةَ وَلَمْ يُعِدِ الْوُضُوءَ " . وَكَذَلِكَ رَوَاهُ عَنِ الْأَعْمَشِ جَمَاعَةٌ مِنَ الرُّفَعَاءِ الثِّقَاتِ ، مِنْهُمْ : سُفْيَانُ الثَّوْرِيُّ ، وَأَبُو مُعَاوِيَةَ الضَّرِيرُ ، وَوَكِيعٌ ، وَعَبْدُ اللَّهِ بْنُ دَاوُدَ الْخُرَيْبِيُّ ، وَعُمَرُ بْنُ عَلِيٍّ الْمُقَدَّمِيُّ ، وَغَيْرُهُمْ ، وَكَذَلِكَ رَوَاهُ شُعْبَةُ ، وَابْنُ جُرَيْجٍ ، عَنْ يَزِيدَ أَبِي خَالِدٍ ، عَنْ أَبِي سُفْيَانَ ، عَنْ جَابِرٍ

বাংলা

৬২৩(৪৭). আবু উবাইদ আল-আসেম ইবনে ইসমাঈল (রহঃ) ... জাবের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের বলেছেনঃ তোমাদের মধ্যে কোন ব্যক্তি নামাযরত অবস্থায় হাসি দিলে সে যেন উযু করে পুনরায় নামায পড়ে। আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) আমাদের বলেছেন, এটি মুনকার হাদীস এবং এটি সহীহ নয়। জাবের (রাঃ) থেকে বর্ণিত এর বিপরীত হাদীসটি সহীহ।

আশ-শায়েখ আবুল হাসান (রহঃ) বলেন, ইয়াযীদ ইবনে সিনান হাদীসশাস্ত্রে দুর্বল এবং তার উপনাম আবু ফারওয়া আর-রাহাবী। তার পুত্রও হাদীসশাস্ত্রে দুর্বল। তিনি এই হাদীসের দুই স্থানে সন্দেহের শিকার হয়েছেনঃ (এক) তিনি এই হাদীসের সনদ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত উন্নীত (রাফাআ) করেছেন; (দুই) তিনি তার মূল পাঠেও সন্দেহের শিকার হয়েছেন। সঠিক হলো, আল-আ'মাশ-আবু সুফিয়ান-জাবের (রাঃ) থেকে তার নিজস্ব উক্তি হিসাবে বর্ণিত যে, কোন ব্যক্তি নামাযরত অবস্থায় হাসলে তাকে পুনরায় নামায পড়তে হবে, কিন্তু পুনরায় উযু করতে হবে না।

অনুরূপভাবে একদল নির্ভরযোগ্য প্রবীণ রাবী আল-আমাশ (রহঃ) সূত্রে উক্ত হাদীস বর্ণনা করেছেন। তাদের মধ্যে রয়েছেন সুফিয়ান আস-সাওরী, আবু মু'আবিয়া আদ-দারীর, ওয়াকী, আবদুল্লাহ ইবনে দাউদ আল-খুরায়বী, উমার ইবনে আলী আল-মুকাদ্দামী প্রমুখ। একইভাবে শো'বা ও ইবনে জুরাইজ (রহঃ) ইয়াযীদ ইবনে আবু খালিদ-আবু সুফিয়ান-জাবের (রাঃ) সূত্রে এই হাদীস বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80412

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন